

জঘন্য অভিসন্ধি

তামাক কোম্পানি কিভাবে পরিবেশকে ধ্বংস করছে এবং তা আড়াল করছে

বৈশ্বিক দূষণ

বিশ্বজুড়ে প্রতি বছর ৪.৫

ট্রিলিয়ন সিগারেট এর বর্জ্য ফেলা হয়, যা এটিকে পৃথিবীর সবচেয়ে বেশি ফেলা এবং সমুদ্র সৈকতে সবচেয়ে বেশি দেখতে পাওয়া বর্জ্য পরিণত করেছে।



পানি সরবরাহ

প্রতি বছর ২২ বিলিয়ন ঘন মিটারের ও বেশি পানি

(যা ৮.৮ মিলিয়ন অলিম্পিক-সাইজের

সুইমিং পুল ভর্তি করার জন্য যথেষ্ট)

তামাক উৎপাদনের জন্য ব্যবহৃত হয়, যা এমন দেশগুলোতে ঘটছে যেখানে ইতোমধ্যে পানিসরবরাহ নিয়ে সংকট শুরু হয়েছে।

পানিকে বিষাক্ত করা

ই-সিগারেটের বর্জ্য ক্ষতিকর,

এটি জলাশয় ও মাটিকে বিষাক্ত করে

এবং প্লাস্টিক, নিকোটিনের লবণ, ভারী ধাতু, সীসা, পারদ ও দাহ্য লিথিয়াম-আয়ন ব্যাটারির দূষণের মাধ্যমে বন্যপ্রাণীদের জীবন বিপন্ন করে তুলছে।^২



তামাক কোম্পানির মিথ্যে ভাবমূর্তি "গ্রীনওয়াশিং"

'গ্রীন ওয়াশিং' ক্ষতিকর পণ্য উৎপাদনকারী কোম্পানি কর্তৃক সামাজিক দায়বদ্ধতা প্রকাশের একটি কৌশল যেখানে, বাস্তবে তাদের পণ্য এবং ব্যবসায়িক কার্যকলাপ পরিবেশকে ধ্বংস করছে। তামাক কোম্পানি পরিবেশে বিষাক্ত বর্জ্য ফেলে এবং প্রাকৃতিক সম্পদকে হ্রাস করে। এটি কোনভাবেই পরিবেশ বান্ধব নয়। শুধুমাত্র নীতিনির্ধারকদের প্রভাবিত করার উদ্দেশ্যে (বিশেষ করে নিম্ন ও মধ্যম আয়ের দেশগুলিতে) এবং কোম্পানির মুনাফাকে বৃদ্ধির জন্য নীতিতে প্রভাব বিস্তারের লক্ষ্যে তার মিথ্যে 'পরিবেশবান্ধব' ভাবমূর্তি তুলে ধরে। 'গ্রীনওয়াশিং' একটি প্রতারণার কৌশল যা বিভ্রান্তির সৃষ্টি করতে পারে। এবং যখন তামাক কোম্পানি এটি করে, তা বৈশ্বিক জনস্বাস্থ্য চুক্তিও লঙ্ঘন করে।^১

৫টি উপায়ে তামাক কোম্পানি তাদের দ্বারা

ক্ষতির বিষয়টি আড়াল করে রাখে

ব্রাজিল

ব্রিটিশ আমেরিকান টোবাকো (BAT) ব্রাজিলের দক্ষিণাঞ্চলের বনভূমি সংরক্ষণের জন্য পরিবেশ বিষয়ক সংস্থাসমূহ ও পরিবেশ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে সম্পৃক্ত রয়েছে। অন্যদিকে, এটি বিশ্বব্যাপী BAT-এর কার্যক্রম পরিচালনার সর্ববৃহৎ অঞ্চল, যেখানে বনভূমি উজাড় হওয়ার অন্যতম শীর্ষ কারণ হলো তামাক উৎপাদন, যা ব্রাজিলের বনাঞ্চলের পরিমাণ এর মূল আয়তনের চেয়ে ২% কমিয়ে দিয়েছে।^৩

ভারত

ইম্পেরিয়াল ব্র্যান্ড ভারতে পরিবেশ বিষয়ক শিক্ষা সহ শিক্ষা, স্যানিটেশন ও স্বাস্থ্য কর্মসূচিগুলোতে অর্থায়ন করে। কিন্তু, কোম্পানির ভাবমূর্তি রক্ষার এসব প্রচেষ্টা র চেয়ে তামাকের কারণে হওয়া কাঠামোগত, পরিবেশগত ও আর্থিক ক্ষতি অনেক বেশি।^৪

বাংলাদেশ

১৯৮০ সালে ব্রিটিশ আমেরিকান টোবাকো বাংলাদেশ এর বনায়ন প্রকল্প শুরু হওয়ার পর থেকে পাঁচ বার "বৃক্ষরোপণে" প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার" অর্জন করেছে। কিন্তু বাংলাদেশ সহ অন্যান্য দেশে তামাক উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ সরাসরি বনভূমি উজাড় হওয়ার জন্য দায়ী, যেখানে তামাক চাষের ফলে ব্যাপক আকারে বনভূমি উজাড় হচ্ছে এবং মাটি ও পানির গুণমান নষ্ট হচ্ছে।^{৫,৬}

মেক্সিকো

ফিলিপ মরিস ইন্টারন্যাশনাল (PMI) মেক্সিকোতে "অগ্নিকাণ্ড রোধে" লাইটার সংগ্রহের একটি উদ্যোগ পরিচালনা করছে - যার লক্ষ্য সিগারেট এর বর্জ্য পরিষ্কার এবং "ধূমপানমুক্ত" বার্তা প্রচারের মাধ্যমে কোম্পানির IQOS (এক ধরনের ই-সিগারেট) পণ্য বাজারজাত করা। কিন্তু বিশ্বের সর্ববৃহৎ আন্তর্জাতিক তামাক কোম্পানি হিসেবে PMI-এর জানা আছে যে তথাকথিত সামাজিক দায়বদ্ধতা কর্মসূচী (CSR) পালনের এসব প্রচেষ্টা প্রতি বছর তামাক ব্যবহারের ফলে তৈরি হওয়া 760,000 টনেরও বেশি বিষাক্ত বর্জ্য পদার্থের তুলনায় কোনো গুরুত্বই বহন করে না।^৭

ফিলিপাইন

2019 সালে, PMI-এর ফিলিপাইন শাখা, PMFTC, বর্জ্য পদার্থ বাছাই এবং ছড়িয়ে যাওয়া হ্রাস করতে টারলাক সিটির ক্যাম্প সার্ভিলানো অ্যাকুইনোতে সশস্ত্র বাহিনীকে ৩০টি বর্জ্য ফেলার পাত্র দান করেছে। প্রতি বছর বিশ্বব্যাপী ১.৮ মিলিয়ন টনেরও বেশি বর্জ্য পদার্থের জন্য তামাক দায়ী হওয়ার বিষয়টির তুলনায় পরিবেশ সংরক্ষণের জন্য এই নগণ্য প্রচেষ্টা কোনো গুরুত্বই বহন করে না।

তামাক আমাদের পৃথিবীকে

বিষাক্ত করে তুলছে

তামাক কোম্পানি যে শুধু এই শিল্পের কারণে পরিবেশের বিধ্বংসী ক্ষতি হওয়ার বিষয়টি লুকিয়ে রাখে তাই নয়, বরং কিভাবে নিজেদেরকে পরিবেশবান্ধব ও টেকসই বন্ধু হিসেবে উপস্থাপন করার চেষ্টা করে সে সম্পর্কে আরো জানুন।

এই ইনফোগ্রাফিকের তথ্যসূত্রগুলো দেখতে ভিজিট করুন: exposetobacco.org/environment-sources